

DBS বিশদ ডিপোজিট নীতি

সংস্করণ: জুন 2023

I. পথনির্দেশক নীতি

এই ডকুমেন্টটি ব্যাংক প্রদত্ত বিভিন্ন ডিপোজিট প্রোডাক্ট এবং সম্পর্কিত ব্যাংকিং পরিষেবাগুলির ক্ষেত্রে পথনির্দেশক নীতিগুলির ব্যাপারে একটি সামগ্রিক ধারণা প্রদান করে। এই ডকুমেন্টটি ডিপোজিটকারীর অধিকারকে স্বীকৃতি দেয় এবং এটির লক্ষ্য হলো গ্রাহকদের সুবিধার জন্য জনসাধারণের কাছ থেকে ডিপোজিট গ্রহণ করার বিভিন্ন দিকের সাথে সম্পর্কিত তথ্য, বিভিন্ন ডিপোজিট অ্যাকাউন্টকে পরিচালনা করা ও সেগুলির কাজের সাথে সম্পর্কিত তথ্য, বিভিন্ন ডিপোজিট অ্যাকাউন্টে সুদ প্রদান করার তথ্য, ডিপোজিট অ্যাকাউন্ট বন্ধ করার ব্যাপারে তথ্য, মৃত ডিপোজিটকারীর ডিপোজিটকে নিষ্পত্তি করার পদ্ধতির ব্যাপারে তথ্য, ইত্যাদির ব্যাপারে বিভিন্ন তথ্যকে প্রচার করা। এই ডকুমেন্টটি গ্রাহকদের সাথে কাজ করার ক্ষেত্রে আরো স্বচ্ছতা প্রদান করবে এবং গ্রাহকদের মধ্যে সচেতনতা তৈরি করবে বলে আশা করা হচ্ছে।

এই নীতিটি গ্রহণ করার সময়, ব্যাংক ইন্ডিয়ান ব্যাংকস অ্যাসোসিয়েশনের গ্রাহকদের প্রতি কোড অফ ব্যাংক কমিটমেন্টসে বর্ণিত গ্রাহকদের প্রতি তার প্রতিশ্রুতিকে পুনরাবৃত্তি করে।

DBS ব্যাংক ইন্ডিয়া লিমিটেড (DBIL) হলো DBS ব্যাংক লিমিটেড (DBL)-এর একটি সম্পূর্ণ মালিকানাধীন সাবসিডিয়ারি (WOS) যার সদর দপ্তর সিঙ্গাপুরে রয়েছে। সবথেকে ভালো অনুশীলন বা প্রথাগুলিকে ভাগ করে নেওয়ার ক্ষেত্রে, DBIL জটিল, দীর্ঘ মেয়াদী, বড় বা গুরুত্বপূর্ণ লেনদেনগুলিকে নিয়ে কাজ করার সময় DBL-এর অভিজ্ঞতা এবং দক্ষতার উপর নির্ভর করবে যাতে এটি নিশ্চিত করা যায় যে, গ্রুপের ন্যূনতম গ্রহণযোগ্যতার মানদণ্ড যেন পূরণ করা হয়। এছাড়াও DBIL DBL-এর দ্বারা নির্ধারিত কিছু নীতি এবং মানকে বিচার করবে বা বিবেচনা করবে এবং কাজগুলি যাতে গ্রুপের ন্যূনতম গ্রহণযোগ্যতার মানদণ্ড পূরণ করে তা নিশ্চিত করতে ভারতীয় প্রবিধানের (রেগুলেশন) সাথে মানিয়ে নেবে।

II. নীতি

এই ডকুমেন্টটি ডিপোজিটের বিদ্যমান প্রবিধানের (রেগুলেশন) উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। বিভিন্ন ডিপোজিট স্কিম এবং এর সাথে সম্পর্কিত পরিষেবাগুলির বিষয় বিস্তারিত কার্যগত নির্দেশাবলীকে সময়ে সময়ে জারি করা হবে।

1. **অ্যাকাউন্ট খোলা** - ব্যাংক তার গ্রাহকদেরকে বিভিন্ন ধরনের অ্যাকাউন্টের বিবরণ প্রদান করবে যেগুলো তাঁরা ব্যাংকে খুলতে পারবেন। গ্রাহকরা তাঁদের চাহিদা, প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য নির্দেশিকা অনুযায়ী সবচেয়ে উপযুক্ত অ্যাকাউন্টের ধরণকে বেছে নিতে পারেন।

একটি অ্যাকাউন্ট খোলার আগে, ব্যাংকের "নো ইওর কাস্টমার" (KYC) নীতি অনুযায়ী এবং RBI-এর দ্বারা জারি করা KYC নির্দেশিকা এবং সময়ে সময়ে অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাগুলির দ্বারা জারি করা প্রাসঙ্গিক নির্দেশিকা দ্বারা নির্ধারণ করা নিয়ম অনুযায়ী ব্যাংকে গ্রাহকের ডকুমেন্টেশন এবং তথ্য জমা দেওয়ার প্রয়োজন হবে। ব্যাংকে যে ডিউ ডিলিজেন্স প্রক্রিয়া মেনে চলা হয়, তার মধ্যে ডকুমেন্টেশন যাচাই করা, গ্রাহকদের পরিচয়, ঠিকানা, পেশা বা ব্যবসা সংক্রান্ত তথ্য এবং ফান্ডের উৎস যাচাই করা সংশ্লিষ্ট রয়েছে। ডিউ ডিলিজেন্স প্রক্রিয়ার অংশ হিসেবে, ব্যাংকের অ্যাকাউন্টের ধরণ (ফিজিক্যাল/ডিজিটাল) অনুযায়ী সমস্ত ডিপোজিট/অ্যাকাউন্ট হোল্ডার এবং অনুমোদিত স্বাক্ষরকারীদেরকে একটি সাম্প্রতিক রঙিন ফটো জমা দিতে হবে। ব্যাংককে PMLA (মানি লন্ডারিং প্রতিরোধ আইন) নির্দেশিকা মেনে চলতে হবে, যা ভারত সরকারের দ্বারা সময়ে সময়ে সংশোধন করা হয়।

ব্যাংককে গ্রাহকদের কাছ থেকে পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর (PAN) নিতে হবে বা আয়কর আইন/নিয়মের অধীনে উল্লিখিত ফর্ম নং 60 বা 61-এ বিকল্পভাবে ডিক্লেয়ারেশন নিতে হবে।

গ্রাহকের প্রোফাইলের উপর নির্ভর করে গ্রাহকদের KYC-এর তথ্যকে পর্যায়ক্রমে আপডেট করা হবে।

ব্যাংক গ্রাহকদেরকে অ্যাকাউন্ট খোলার জন্য ফর্ম এবং অন্যান্য প্রাসঙ্গিক ডকুমেন্ট প্রদান করবে, যাতে তাঁরা অ্যাকাউন্ট খুলতে পারেন। যাচাইকরণ প্রক্রিয়ার জন্য ব্যাংকের যা যা তথ্যের প্রয়োজন সে ব্যাপারে ব্যাংক গ্রাহকদেরকে সম্পূর্ণ বিবরণ ও পরামর্শ দেবে।

গ্রাহক বিভিন্ন উপলব্ধ পদ্ধতির মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলতে পারেন যেমন ধরুন ডিজিটাল সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট, প্রযোজ্য অ্যাপ স্টোর থেকে DBS ব্যাংক অ্যাপ্লিকেশনের দ্বারা ডিজিটাল ডাউনলোড করে এবং স্বচ্ছায় তাঁদের আধার নম্বর দিয়ে আর ব্যাংকে বায়োমেট্রিক অথেন্টিকেশন প্রদান করে বা ডিডিও ভিত্তিক কাস্টমার আইডেন্টিফিকেশন প্রসেস (V-CIP)-এর মাধ্যমে যাত্রা সম্পূর্ণ করে একটি আধার ভিত্তিক

ডিজিটাল অ্যাকাউন্ট খোলা যাবে যেটা বিশেষভাবে ভারতে বসবাসকারী ভারতীয় নাগরিকদের দ্বারা করা যেতে পারে। গ্রাহকেরা ব্যাংকের একটি শাখায় গিয়ে, সরাসরি সেলিং (বিক্রয়) এজেন্ট বা বিজনেস করেসপন্ডেন্ট এজেন্টদের দিয়ে ফিজিক্যাল পদ্ধতির মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলতে পারেন।

ব্যাংক তার সম্পূর্ণ নিজস্ব বিবেচনার ভিত্তিতে সময়ে সময়ে নির্ধারিত নীতির উপর নির্ভর করে একটি অ্যাকাউন্ট খোলার অধিকার সংরক্ষিত রাখে।

গ্রাহকেরা DBS মোবাইলের দ্বারা, ইন্টারনেট ব্যাংকিং প্ল্যাটফর্মের দ্বারা বা যে কোনো শাখায় গিয়ে সময়ে সময়ে ব্যাংকের তরফ থেকে দেওয়া অন্যান্য ব্যাঙ্কিং পণ্য পরিষেবাগুলিও পেতে পারেন যেগুলি ডিজিটাল ব্যাংকিং উপলব্ধ রয়েছে।

প্রিভেনশন অফ মানি লন্ডারিং (রেকর্ডের রক্ষণাবেক্ষণ) নিয়ম, 2005-এর বিধান অনুযায়ী ব্যাংক CERSAI (CKYCR)-এর সাথে নতুন ব্যক্তিগত এবং ব্যক্তিগত নয় এমন অ্যাকাউন্টের সাথে সম্পর্কিত OVD সহ গ্রাহকের KYC ডেটা আপলোড করবে। ব্যাংক গ্রাহকের কাছ থেকে নির্দিষ্ট সম্মতির ভিত্তিতে CKYC নম্বর বা PID বিবরণের ভিত্তিতে CERSAI (CKYCR)-এর থেকে OVD সহ গ্রাহকের KYC ডেটা ডাউনলোড করতে পারে।

গ্রাহকেরা বিভিন্ন চ্যানেল যা ব্যাংক সময়ে সময়ে উপলব্ধ করতে পারে যেমন কাস্টমার কেয়ার নম্বর, ইমেল এবং ব্যাংকের শাখা ইত্যাদির মাধ্যমে যে কোনো প্রশ্নের জন্য ব্যাংকের সাথে যোগাযোগ করতে পারেন। ব্যাংক যত তাড়াতাড়ি সম্ভব প্রশ্নের সমাধান করা/উত্তর দেওয়ার চেষ্টা করবে।

2. ডিপোজিট ব্যাংক অ্যাকাউন্টের ধরণ – ডিপোজিট প্রোডাক্টগুলিকে বিস্তৃতভাবে নিম্নলিখিত ধরণের মধ্যে শ্রেণীবদ্ধ করা যেতে পারে:

সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট - সময়ে সময়ে ভারতীয় রিজার্ভ ব্যাংকের পরামর্শ অনুযায়ী যোগ্য ব্যক্তি/ব্যক্তিদের এবং নির্দিষ্ট সংস্থা/এজেন্সিগুলির দ্বারা খোলা যেতে পারে। এর মধ্যে HUF (হিন্দু অবিভক্ত পরিবার)-ও অন্তর্ভুক্ত রয়েছে। গ্রাহকের আবাসিক অবস্থার উপর নির্ভর করে রেসিডেন্ট সেভিংস/NRO সেভিংস অ্যাকাউন্ট হিসেবে অ্যাকাউন্ট খোলা যেতে পারে। DBIL সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে একাধিক বিকল্প দিয়ে থাকে যেগুলির ব্যাপারে এই ডকুমেন্টে বিস্তারিতভাবে বলা রয়েছে।

ব্যাংকের ওয়েবসাইটে সেভিংস অ্যাকাউন্টের প্রচলিত সুদের হারকে আপডেট করা হবে। সেভিংস ডিপোজিট অ্যাকাউন্টের ক্ষেত্রে সুদের হার গণনা করা হবে এবং RBI নির্দেশিকাগুলির ভিত্তিতে সময়ে সময়ে হওয়া পরিবর্তনের উপর নির্ভর করে জমা করা হবে।

গ্রাহকেরা তাঁদের নিজের নামে (একক নাম) অথবা গ্রাহক অন্যদের সাথে যৌথভাবে (জয়েন্ট অ্যাকাউন্ট) ব্যক্তিগত অ্যাকাউন্ট খুলতে পারেন।

জয়েন্ট অ্যাকাউন্ট, যেটি একাধিক ব্যক্তির সাথে খোলা হয়েছে, সেটি গ্রাহকের দ্বারা নির্দিষ্ট সিগনেচার (স্বাক্ষর) ম্যান্ডেটের উপর ভিত্তি করে, একক ব্যক্তি বা একাধিক ব্যক্তিদের দ্বারা যৌথভাবে পরিচালনা করা হতে পারে। অ্যাকাউন্ট পরিচালনার জন্য সিগনেচার ম্যান্ডেট শুধুমাত্র সমস্ত অ্যাকাউন্ট হোল্ডারদের সম্মতিতেই পরিবর্তন করা যেতে পারে। প্রযোজ্য নিয়ন্ত্রক শর্তাবলী পূরণ করা হলে NRI নিকটাত্মীয়কে "আইদার বা সার্ভাইভার" (হয় যে কোনো একজন বা যিনি বেঁচে থাকবেন) ভিত্তিতে রেসিডেন্ট অ্যাকাউন্ট হোল্ডারের সাথে জয়েন্ট হোল্ডার হিসেবে বিদ্যমান/নতুন রেসিডেন্ট ব্যাংক অ্যাকাউন্টে অন্তর্ভুক্ত করা যেতে পারে। NRE/NRO জয়েন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে, প্রযোজ্য নিয়ন্ত্রক শর্তাবলী পূরণ করা হলে স্থানীয় নিকটাত্মীয়কে "পূর্বতন বা যিনি বেঁচে থাকবেন"-এর ভিত্তিতে রেসিডেন্টের সাথে জয়েন্ট হোল্ডার হিসেবে বিদ্যমান/নতুন রেসিডেন্ট ব্যাংক অ্যাকাউন্টে অন্তর্ভুক্ত করা যেতে পারে। PIO/OCI কার্ড হোল্ডাররা যারা একটি আর্থিক বছরে 182 দিন বা তার বেশি দিন ভারতে থাকেন, তাঁরা প্রক্রিয়া অনুযায়ী প্রয়োজনীয় KYC ডকুমেন্ট জমা দিয়ে একটি রেসিডেন্ট সেভিং অ্যাকাউন্ট খুলতে পারবেন। গ্রাহকদের বাসস্থানের অবস্থার উপর ব্যাংক থেকে কিছু সময় পরপর ডিউ ডিলিজেঞ্চ করা হবে।

KYC-তে RBI-এর মাস্টার ডাইরেকশন অনুযায়ী, OTP-ভিত্তিক অ্যাকাউন্টগুলির মধ্যে লেনদেন এবং ব্যালেন্স সীমার প্রয়োজনীয়তাকে মেনে চলা; এবং অ্যাকাউন্ট খোলার এক বছরের মধ্যে পুরো KYC-কে সম্পূর্ণ করার নিয়মকে মেনে চলা অন্তর্ভুক্ত রয়েছে, এটি করতে না পারলে অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হবে।

KYC-তে RBI-এর মাস্টার ডাইরেকশন অনুযায়ী এবং ব্যাংকের KYC নীতি অনুযায়ী, ব্যাংক কোনো ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারে বা কোনো গ্রাহকের পুনঃ-কেওয়াইসি করতে পারে বা ভিডিও ভিত্তিক কাস্টমার আইডেন্টিফিকেশন পদ্ধতির মাধ্যমে একটি OTP ভিত্তিক নন ফেস টু ফেস অ্যাকাউন্টকে আপগ্রেড করতে পারে।

2.1.1 বেসিক সেভিংস ব্যাংক ডিপোজিট অ্যাকাউন্ট (BSBDA): “বেসিক সেভিংস ব্যাংক ডিপোজিট অ্যাকাউন্ট” মানে হলো একটি ডিমান্ড ডিপোজিট অ্যাকাউন্ট যেটি বৃহত্তর আর্থিক অন্তর্ভুক্তির জন্য খোলা হয়েছে। এই ধরণের অ্যাকাউন্টগুলি নো ইওর কাস্টমার (KYC)/অ্যান্টি-মানি

লন্ডারিং (AML) নিয়ম সংক্রান্ত RBI নির্দেশাবলীর উপর নির্ভর করে। যদি এই ধরনের অ্যাকাউন্টকে সহজ করা KYC নিয়মের ভিত্তিতে খোলা হয় বা কোনো KYC ছাড়াই খোলা হয় তবে অ্যাকাউন্টটিকে অতিরিক্তভাবে একটি স্মল অ্যাকাউন্ট হিসেবে বিবেচনা করা হবে।

অ্যাকাউন্টের বৈশিষ্ট্য – প্রোডাক্টের বিস্তারিত বিবরণ ব্যাংকের ওয়েবসাইটে পাওয়া যাবে

- ইন-অপারেটিভ (কাজ না করা) BSBDA অ্যাকাউন্টের নন-অপারেশন/অ্যাক্টিভেশনের জন্য কোনো চার্জ নেওয়া হয় না

KYC

- BSBDA অ্যাকাউন্ট সময়ে সময়ে সংশোধিত ব্যাংক অ্যাকাউন্ট খোলার জন্য RBI নির্দেশাবলীর KYC/AML-এর উপর নির্ভর করে।
- BSBDA খোলার সময় আমরা সম্পূর্ণ KYC ডকুমেন্টগুলি নিয়ে থাকি যেমন অফিসিয়ালি ভ্যালিড ডকুমেন্টস (OVD) বা RBI মাস্টার ডাইরেকশনের দ্বারা নির্দেশ করা অনুযায়ী যেটিকে OVD বলা হয়।

‘স্মল অ্যাকাউন্ট’

যে স্বতন্ত্র গ্রাহকের KYC হিসেবে কোনো অফিসিয়ালি ভ্যালিড ডকুমেন্ট (OVD) নেই এবং তিনি একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলতে চান, তিনি নিম্নলিখিত বিষয়গুলির উপর নির্ভর করে একটি ‘স্মল অ্যাকাউন্ট’ খুলতে পারেন:

- ব্যাংককে গ্রাহকের কাছ থেকে একটি সেক্ষ-অ্যাটেস্টেড ফটো নিতে হবে।
- ব্যাংকের শাখার মনোনীত অফিসার তাঁর স্বাক্ষর দিয়ে সার্টিফাই করেন যে ব্যক্তি অ্যাকাউন্ট খুলেছেন তিনি অফিসারের উপস্থিতিতে সাক্ষর করেছেন বা বুড়ো আঙুলের ছাপ দিয়েছেন।
- এই ধরনের অ্যাকাউন্টে লেনদেনের মোট পরিমাণ এবং ব্যালেন্সের প্রয়োজনীয়তার উপর নির্ধারিত মাসিক এবং বার্ষিক সীমা লঙ্ঘন করা যাবে না এবং একটি লেনদেনের অনুমতি দেওয়ার আগে চেক করা হবে।
- এই অ্যাকাউন্টগুলিতে ফরেন (বিদেশী) ইনওয়ার্ড রেমিটেন্সের অনুমতি দেওয়া হবে না।
- অ্যাকাউন্টটি প্রাথমিকভাবে বারো মাসের জন্য চালু থাকবে যেটিকে পরে আরো বারো মাসের জন্য বাড়ানো যেতে পারে, যদি অ্যাকাউন্ট হোল্ডার উল্লিখিত অ্যাকাউন্ট খোলার প্রথম বারো মাসের মধ্যে যে কোনো OVD-এর জন্য আবেদন করেন এবং আবেদন করার প্রমাণ দেন।
- নিয়মের থেকে সম্পূর্ণভাবে অব্যাহতি পাওয়ার চব্বিশ মাস পরে পর্যালোচনা করা হবে। যদি চব্বিশ মাসের মধ্যে OVD জমা না দেওয়া হয়, তাহলে অ্যাকাউন্টটিকে সম্পূর্ণভাবে ফ্রিজ করা হবে এবং আর কোনো লেনদেন করার অনুমতি দেওয়া হবে না।

অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়

- নিয়ন্ত্রক (রেগুলেটরি) নির্দেশিকা অনুযায়ী, BSBDA-এর হোল্ডাররা DBIL-এর সাথে অন্য কোনো সেভিংস অ্যাকাউন্ট খোলার যোগ্য হবেন না
- যদি DBIL-এর সাথে গ্রাহকের অন্য কোনো বিদ্যমান সেভিংস অ্যাকাউন্ট(গুলি) খোলা থাকে, তাহলে গ্রাহককে BSBDA খোলার 30 দিনের মধ্যে এই ধরনের অ্যাকাউন্ট(গুলি)-কে বন্ধ করতে হবে
- BSBDA খোলার 30 দিনের মধ্যে যদি এই ধরনের অ্যাকাউন্ট(গুলি) গ্রাহকের দ্বারা বন্ধ না করা হয় তাহলে ব্যাংক নিয়ন্ত্রক নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য, অন্যান্য সেভিংস অ্যাকাউন্ট(গুলি)-কে (যদি থাকে) বন্ধ করার অধিকার সংরক্ষণ করে
- একজন ব্যক্তির শুধুমাত্র একটাই BSBDA অ্যাকাউন্ট থাকতে পারে

2.2 কারেন্ট অ্যাকাউন্ট – একজন ব্যক্তি, একক মালিকানা/অংশীদারিত্ব (পার্টনারশিপ) এবং লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ ফার্ম/প্রাইভেট এবং পাবলিক লিমিটেড কোম্পানি/HUFs (হিন্দু অবিভক্ত পরিবার)/সোসাইটি/ট্রাস্ট ইত্যাদির দ্বারা খোলা যেতে পারে। কারেন্ট অ্যাকাউন্টে রাখা ডিপোজিটের ওপর কোনো সুদ দেওয়া হবে না। DBIL-এ একাধিক ধরনের **কারেন্ট** অ্যাকাউন্ট খোলা যায়।

2.3 ফরেন কারেন্সি অ্যাকাউন্ট – RBI-এর দ্বারা নির্দিষ্ট করা লেনদেনের জন্য ভারতে বসবাসকারী গ্রাহকেরা এই অ্যাকাউন্ট খুলতে পারেন

2.4 স্পেশাল রুপি অ্যাকাউন্ট – ভারতীয় রিজার্ভ ব্যাংকের (RBI) দ্বারা নির্ধারিত আইন অনুযায়ী ভারতে বসবাস করেন না এমন বিদেশী ব্যক্তির দ্বারা এই ধরনের অ্যাকাউন্ট খোলা যেতে পারে

2.5 ফিক্সড ডিপোজিট – এটি হলো একটি নির্দিষ্ট মেয়াদ এবং পরিমাণের জন্য বুক করা একটি ডিপোজিট। এই ডিপোজিটটিকে একটি সেভিংস/কারেন্ট অ্যাকাউন্টের সাথে লিংক করা হতে পারে বা স্বতন্ত্রভাবে বুক করা যেতে পারে।

একজন ব্যক্তি/একক মালিকানা/পার্টনারশিপ ফার্ম/প্রাইভেট এবং পাবলিক লিমিটেড কোম্পানি/HUFs (হিন্দু অবিভক্ত পরিবার)/সোসাইটি/ট্রাস্ট ইত্যাদির দ্বারা ব্যাংকের শাখায় গিয়ে অথবা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে ডিজিটালভাবে ডিপোজিট প্লসসমেন্টের অনুরোধ করে একটি ফিঙ্কড ডিপোজিট অ্যাকাউন্ট খোলা যেতে পারে। একটি ডিপোজিট বুক করার সময় গ্রাহকেরা নিচে দেওয়া বিকল্পগুলির মধ্যে থেকে নির্বাচন করতে পারবেন।

সময়সীমা বা মেয়াদ: ন্যূনতম 7 দিন থেকে শুরু (ডিজিটাল মোবাইল/ইন্টারনেট ব্যাংকিং প্ল্যাটফর্মের মাধ্যমে বুক করা ডিপোজিটের জন্য, ন্যূনতম সময়সীমা বা মেয়াদ হলো 90 দিন। এর থেকে কম সময়সীমা বা মেয়াদের জন্য গ্রাহক ব্যাংকের শাখার মাধ্যমে ডিপোজিট বুক করতে পারেন।

পরিমাণ: আবেদনপত্রে সংজ্ঞায়িত ন্যূনতম পরিমাণ থেকে শুরু করে

সুদ (ইন্টারেস্ট): চক্রবৃদ্ধি সুদ (কম্পাউন্ডিং ইন্টারেস্ট)/সরল সুদ (সিম্পল ইন্টারেস্ট)/ত্রৈমাসিক পে-আউট বা মাসিক পে-আউট

ম্যাচিউরিটি: মূলধন (প্রিন্সিপাল) এবং সুদের (ইন্টারেস্ট) অটোমেটিক রিনিউয়াল (অটো- রিনিউয়াল)/শুধুমাত্র মূলধনের (প্রিন্সিপাল) অটোমেটিক রিনিউয়াল আর সুদ (ইন্টারেস্ট) লিংক করা ব্যাংক অ্যাকাউন্টে জমা করা হবে/সম্পূর্ণ টাকার পরিমাণ (মূলধন এবং সুদ সহ) লিংক করা ব্যাংক অ্যাকাউন্টে জমা করা হবে/ডিম্যান্ড ড্রাফট ইস্যু করা/NEFT/RTGS/IMPS/UPI-এর মাধ্যমে ইলেকট্রনিক রেমিটেন্স (ডিজিটাল মোবাইল ব্যাংকিং প্ল্যাটফর্মের মাধ্যমে বুক করা ফিঙ্কড ডিপোজিটের জন্য প্রযোজ্য নয়)।

উপরে উল্লিখিত বিস্তৃত বিভাগগুলির মধ্যে, ব্যাংক নির্দিষ্ট বৈশিষ্ট্য সহ বিভিন্ন প্রোডাক্ট চালু করতে পারে যেমন নির্দিষ্ট ট্যাগেট গ্রাহক বিভাগের জন্য নন-কলেবেল ডিপোজিট, বেক্সমার্কেটের সাথে লিংক করা ফ্লোটিং রেট ডিপোজিট ইত্যাদি।

2.6 রেকারিং ডিপোজিট— এটি এমন ব্যক্তিদের জন্য তৈরি করা হয়েছে যারা একটি নির্দিষ্ট হারে রিটার্ন পাওয়ার জন্য প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা বিনিয়োগ করতে চান। ম্যাচিউরিটির (মেয়াদপূর্তি)/প্রি-ক্লোজারের (সময়ের আগে বন্ধ করা) তারিখে, গ্রাহক মূলধনের পাশাপাশি সেই সময়ের মধ্যে অর্জন করা সুদও (ইন্টারেস্ট) পাবেন।

2.7 ভারতে বসবাস করেন না এমন ব্যক্তি এবং ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তিদের (পার্সন অফ ইন্ডিয়ান অরিজিন-PIO) সাথে সম্পর্কিত ডিপোজিট— ব্যাংক নন-রেসিডেন্ট (NRI) এবং পার্সন অফ ইন্ডিয়ান অরিজিন (PIO)-দেরকে FCNR (B) ডিপোজিট, NRE ডিপোজিট এবং NRO ডিপোজিট প্রদান করে।

- NRE/NRO ডিপোজিটের জন্য, সুদের হার তুলনামূলক ডোমেস্টিক রুপি টার্ম ডিপোজিটের উপর ব্যাংকগুলির দেওয়া সুদের হারের থেকে বেশি হবে না।
- ব্যাংকের নিজস্ব কর্মী বা প্রবীণ নাগরিক (যদি থাকে) হিসেবে ব্যাংকের সিদ্ধান্ত অনুযায়ী ডিপোজিটের উপর অতিরিক্ত সুদের হারের সুবিধা NRE এবং NRO ডিপোজিটগুলিতে পাওয়া যাবে না।
- এই নীতি শুধুমাত্র DBS ব্যাংক ইন্ডিয়া লিমিটেডের দ্বারা প্রদত্ত ডিপোজিটের ক্ষেত্রেই প্রযোজ্য।

অনুমোদিত ডেবিট/ক্রেডিট, ডিপোজিটের মেয়াদ, ডিপোজিটের সুদের হার, সময়ের আগে টাকা তুলে নেওয়া, বাসস্থানের অবস্থার পরিবর্তনের পরে রেসিডেন্টে (বাসিন্দা) রূপান্তর হওয়া এবং অ্যাকাউন্টের কাজকর্ম, নমিনেশনের সুবিধা, মৃত ব্যক্তির অ্যাকাউন্টের কাজকর্ম ইত্যাদি RBI-এর মাস্টার ডাইরেকশনে (নির্দেশাবলী) নির্ধারিত প্রয়োজনীয়তার সাথে সমন্বিত রয়েছে।

FCNR (B) স্কিমের অধীনে টার্ম ডিপোজিটের সুদের হার শুধুমাত্র নিম্নলিখিত এক বা একাধিক কারণে পরিবর্তিত হয়:

- ডিপোজিটের সময়সীমা বা মেয়াদ: FCNR (B) স্কিমের অধীনে টার্ম ডিপোজিটের সময়সীমা বা মেয়াদ এরকম হয়:
 - এক বছর এবং তার থেকে বেশি কিন্তু দুই বছরের কম
 - দুই বছর এবং তার থেকে বেশি কিন্তু তিন বছরের কম
 - তিন বছর এবং তার থেকে বেশি কিন্তু চার বছরের কম
 - চার বছর এবং তার থেকে বেশি কিন্তু পাঁচ বছরের কম
 - শুধুমাত্র পাঁচ বছর
- ডিপোজিটের সাইজ বা আকার: DBS তার নিজস্ব বিবেচনার ভিত্তিতে মুদ্রার উপর নির্ভর করে ন্যূনতম পরিমাণ নির্ধারণ করে যার উপর সুদের ডিফারেনশিয়াল (পার্থক্যমূলক) রেট দেওয়া হয়
- FCNR (B) ডিপোজিটের জন্য সুদের পেমেন্টকে দুই দশমিক স্থানে রাউন্ড অফ (আসন্ন মান) করা হয়।

সুদের (ইন্টারেস্ট) সর্বোচ্চ হার (সিলিং রেট) সময়ে সময়ে প্রচলিত নিয়ন্ত্রক নির্দেশিকাগুলির ভিত্তিতে হবে।

2.8 রেসিডেন্ট ফরেন কারেন্সি অ্যাকাউন্টস স্কিম স্থায়ীভাবে ভারতে ফিরে আসা অনাবাসী (নন-রেসিডেন্ট) ভারতীয়/PIO-দের জন্য

RFC ডিপোজিট প্রযোজ্য, যেখানে তাঁদের অবস্থা অনাবাসী (নন-রেসিডেন্ট) থেকে বাসিন্দাতে (রেসিডেন্ট) পরিবর্তিত হয়। দ্য অ্যাসেস্টস অ্যান্ড লায়ালিটিস কমিটি (ALCO)-এর দ্বারা অনুমোদিত ডিপোজিটের সুদের হার অনুযায়ী ব্যাংক, রেসিডেন্ট ফরেন কারেন্সি অ্যাকাউন্ট স্কিমের (যদি যোগ্য হয়) অধীনে গৃহীত বা এটির দ্বারা রিনিউ করা টাকার ডিপোজিটের উপর সুদ নির্ধারণ করবে। অনাবাসিক বহিরাগত (নন-রেসিডেন্ট এক্সটার্নাল) (NRE) অ্যাকাউন্ট এবং/অথবা ফরেন কারেন্সি নন-রেসিডেন্ট ব্যাংক [FCNR (B)] অ্যাকাউন্টের ব্যালেন্সগুলি অ্যাকাউন্টহোল্ডারের বিকল্পে RFC অ্যাকাউন্টে (যোগ্য হলে) জমা করা যেতে পারে যখন অনাবাসী ভারতীয় (নন-রেসিডেন্ট ইন্ডিয়ান) (NRI)-এর আবাসিক অবস্থা একজন বাসিন্দা হিসেবে পরিবর্তিত হয়।

2.9 ওভারড্রাফট/টার্ম ডিপোজিটের সাপেক্ষে ডিপোজিট লোন - গ্রাহক প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পূর্ণ করে ডিপোজিটকারীর দ্বারা যথাযথভাবে ডিসচার্জ করা টার্ম ডিপোজিটের জন্য ওভারড্রাফট সুবিধা/ডিপোজিট ঋণের অনুরোধ করতে পারেন। ROI, সময়সীমা বা মেয়াদ, ইত্যাদির সাথে সম্পর্কিত নির্দেশিকাগুলি ব্যাংকের দ্বারা নির্ধারিত হবে যা সময়ে সময়ে জারি করা নিয়ন্ত্রক নির্দেশিকা এবং ব্যাংকের ক্রেডিট নীতি অনুযায়ী হবে। যদি ডিপোজিট ম্যাচিউরিটি থেকে প্রাপ্য অর্থ শুধুমাত্র অর্জন করা/ডেবিট করা সুদের সাথে নেওয়া লোনের বাধ্যবাধকতাকে মেটানোর জন্য যথেষ্ট হয়, তাহলে ব্যাংক ডিপোজিটকারীকে যথাযথভাবে জানিয়ে ডিপোজিট এবং ডিপোজিট লোন উভয়ই বন্ধ করার অধিকার প্রয়োগ করতে পারে।

3. সুদ বা ইন্টারেস্ট – রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া দ্বারা সময়ে সময়ে জারি করা সাধারণ নির্দেশিকাগুলির মধ্যে ব্যাংক টার্ম ডিপোজিটের সুদের হারকে নির্ধারণ করে। DBS-এর কর্মী এবং প্রবীণ নাগরিকদের মত, কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়, এমন নিয়ন্ত্রক দ্বারা অনুমোদিত গ্রাহক বিভাগের জন্য, ব্যাংক, সময়ে সময়ে নিজস্ব বিবেচনার ভিত্তিতে, সাধারণ ব্যাংকের হারের উপরে বার্ষিক এক শতাংশের বেশি নয় এমন হারে অতিরিক্ত সুদের অনুমতি দিতে পারে। এটি শুধুমাত্র ব্যাংক রোট ফিক্সড ডিপোজিট এবং রেকারিং ডিপোজিটের জন্য প্রযোজ্য হবে।

টার্ম ডিপোজিটের উপর সুদ তিন মাসের ব্যবধানে বা বিদ্যমান প্রচলিত নির্দেশিকা অনুযায়ী গণনা করা হবে এবং ডিপোজিটের সময়ের উপর নির্ভর করে ব্যাংকের দ্বারা নির্ধারিত হারে প্রদান করা হবে।

মাসিক ডিপোজিট স্কিমের ক্ষেত্রে, সুদ তিন মাসের জন্য গণনা করা হবে এবং ছাড় দেওয়া মূল্যে প্রতিমাসে প্রদান করা হবে।

বুকিং করার 7 দিনের মধ্যে যদি ডিপোজিট সময়ের আগে বন্ধ করে দেওয়া হয় সেক্ষেত্রে সুদ দেওয়া হবে না।

IBA-এর দ্বারা ইন্ডিয়ান ব্যাংকস অ্যাসোসিয়েশন (IBA) কোড ফর ব্যাংকিং প্র্যাকটিসকে জারি করা হয়েছে যাতে সমস্ত সদস্য ব্যাংকগুলি এটিকে সমানভাবে গ্রহণ করতে পারে। এই কোডের উদ্দেশ্য হলো ন্যূনতম মানকে নির্ধারণ করে ভালো ব্যাংকিংয়ের অনুশীলনকে প্রচার করা, যা সদস্য ব্যাংকগুলি গ্রাহকদের সাথে তাদের লেনদেনের ক্ষেত্রে মেনে চলবে।

IBA, ডোমেস্টিক টার্ম ডিপোজিটের সুদ গণনা করার উদ্দেশ্যে, এটি নির্ধারণ করেছে যে, তিন মাসের কম সময়ের মধ্যে পরিশোধযোগ্য ডিপোজিটের উপর বা যেখানে টার্মিনাল কোয়ার্টার অসম্পূর্ণ থাকবে, সেখানে আসল দিনের সংখ্যার জন্য আনুপাতিকভাবে সুদ প্রদান করা উচিত। ডিপোজিটের জন্য ব্যাংক উপরে উল্লিখিত সুদের গণনাকে মেনে চলো। উদাহরণ: যদি ডিপোজিট 7 মাসের সময়সীমার জন্য হয়, তাহলে 2টি কোয়ার্টারের জন্য সুদের অর্থপ্রদান করা হবে এবং অবশিষ্ট সুদ দিনের সংখ্যার উপর ভিত্তি করে প্রদান করা হবে।

এই গণনার উদ্দেশ্যে, একটি বছরে দিনের সংখ্যাকে একটি অধিবর্ষে (লিপ ইয়ার) 366 দিন এবং অন্যান্য বছরে 365 দিন হিসেবে বিবেচনা করা হবে।

সুদের পরিমাণ/করের দায়কে গণনা করার সময় ব্যাংক একটি CIF-এর অধীনে সমস্ত শাখায় থাকা সমস্ত FD-গুলিকে বিবেচনা করে।

ব্যাংক সবসময় ক্লায়েন্টদের কাছ থেকে টার্ম ডিপোজিটের ম্যাচিউরিটির (মেয়াদপূর্তি) নির্দেশ নেয় এবং সেটির অনুপস্থিতিতে বা ডিপোজিট ওভারড্রাফট (বকেয়া) হয়ে যাওয়ার ক্ষেত্রে, সেভিংস অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য সুদের হারকে বিদ্যমান নিয়ন্ত্রক নির্দেশিকা অনুযায়ী প্রয়োগ করা হবে।

ইন্ডিয়ান ব্যাংকস অ্যাসোসিয়েশনের দ্বারা পরামর্শকৃত প্রণয়ন এবং নিয়ম অনুযায়ী ব্যাংক টার্ম ডিপোজিটের উপর সুদ গণনা করে।

"বান্ধ ডিপোজিট" শব্দটিকে সিঙ্গেল রুপি টার্ম ডিপোজিট/INR 2 কোটির (সমতুল্য বৈদেশিক মুদ্রার পরিমাণ) FCNR (B) ডিপোজিট এবং তার থেকে বেশি ডিপোজিটের জন্য ব্যবহার করা হবে। ব্যাংক বান্ধ ডিপোজিটের ক্ষেত্রে একই ম্যাচিউরিটি পরিমাণের ডিপোজিটের জন্য ডিফারেনশিয়াল (পার্থক্যমূলক) রোট অফ ইন্টারেস্ট দিতে পারে। INR 2 কোটির কম ডিপোজিটের জন্য, একই রোট (হার) অর্থাৎ, কার্ডের রোট একই ম্যাচিউরিটি পরিমাণের ডিপোজিটের জন্য প্রযোজ্য হবে। রুপি টার্ম ডিপোজিটের মধ্যে ডোমেস্টিক টার্ম ডিপোজিটের পাশাপাশি NRO এবং NRE অ্যাকাউন্টের অধীনে টার্ম ডিপোজিট অন্তর্ভুক্ত থাকবে।

INR 2 কোটির কম ডিপোজিটের জন্য কার্ডের রেটকে কিছু সময় পর পর পর্যালোচনা করা হবে এবং প্রয়োজনীয় পরিবর্তনগুলিকে অনুমোদন করার জন্য ALCO-কে সুপারিশ করা হবে। সম্পদ/দায়ের প্রয়োজনীয়তার ভিত্তিতে বান্ধ ডিপোজিটের জন্য ডিফারেনশিয়াল (পার্শ্বক্যামূলক) রেটকে নির্ধারণ করা হবে এবং এই একই রেট একই পরিমাণ এবং সময়সীমার ডিপোজিটের জন্য প্রযোজ্য হবে।

ডিপোজিটের সুদের হার ব্যাংকের শাখার পরিসরে স্পষ্টভাবে প্রদর্শন করা থাকবে। ডিপোজিট স্কিম এবং অন্যান্য সম্পর্কিত পরিষেবাগুলির ক্ষেত্রে পরিবর্তনগুলি, যদি থাকে, তবে সেগুলিকে ব্যাংকের শাখার পরিসরে এবং ব্যাংকের ওয়েবসাইটে স্পষ্টভাবে প্রদর্শন করার মাধ্যমে আগে থেকেই জানানো হবে।

যদি একজন NRE অ্যাকাউন্ট হোল্ডার, ভারতে ফিরে এসে অবিলম্বে, NRE টার্ম ডিপোজিটকে রেসিডেন্ট ফরেন কারেন্সি অ্যাকাউন্টে (RFC) রূপান্তর করার জন্য অনুরোধ করেন, সেক্ষেত্রে নিচে যেমনটা দেওয়া আছে সেই অনুযায়ী সুদ প্রদান করা হবে:

- যদি NRE ডিপোজিট ন্যূনতম এক বছরের জন্য না চলে থাকে, সেক্ষেত্রে RFC অ্যাকাউন্টে রাখা সেভিংস ডিপোজিটের উপর প্রদেয় হারের বেশি নয় এমন হারে সুদ প্রদান করা হবে, তবে এটা তখনই করা হবে যদি NRE অ্যাকাউন্ট হোল্ডার ভারতে ফিরে আসার সাথে সাথেই এই ধরনের একটি রূপান্তরের জন্য অনুরোধ করেন।
- অন্য স মন্ত ক্ষেত্রে, চুক্তিবদ্ধ হারে সুদ প্রদান করা হবে।

ছুটির দিনে ম্যাচিওর হওয়া ডিপোজিটগুলি পরের কার্যদিবসে নিজে থেকেই ম্যাচিওর হয়ে যাবে এবং গ্রাহক প্রাথমিক ডিপোজিট বুকিংয়ের হারে অতিরিক্ত দিন/দিনগুলির জন্য সুদ থেকে আয় করবেন।

ডিপোজিট করার সময়, গ্রাহকেরা ডিপোজিট অ্যাকাউন্ট বন্ধ হওয়ার বা মেয়াদপূর্তির তারিখে পরবর্তী সময়ের জন্য ডিপোজিটকে রিনিউ করার ব্যাপারে নির্দেশনা দিতে পারেন।

টার্ম ডিপোজিট ম্যাচিওর হওয়ার ক্ষেত্রে যদি কোনো নির্দেশ উপস্থিত না থাকে, সেক্ষেত্রে ব্যক্তি/HUF (হিন্দু অবিভক্ত পরিবার)/ট্রাস্ট/সোসাইটির ক্ষেত্রে, DBS ব্যাংক ইন্ডিয়া লিমিটেড ডিপোজিটরকে ম্যাচিউরিটির তারিখের ব্যাপারে আগে থেকে জানাবে আর ব্যাংক আসল ডিপোজিটের মতোই প্রচলিত সুদের হারে একই সময়ের জন্য ডিপোজিটকে রিনিউ করবে। অন্যদের জন্য, ব্যাংক গ্রাহকের সেভিংস/কারেন্ট অ্যাকাউন্টে ম্যাচিউরিটির টাকার জমা করবে। যদি একজন গ্রাহকের আমাদের সাথে একটা সেভিংস/কারেন্ট অ্যাকাউন্ট না থাকে সেক্ষেত্রে, ম্যাচিউরিটির নির্দেশ অনুযায়ী ম্যাচিউরিটির আয় গ্রাহকের ব্যাংক অ্যাকাউন্টে পাঠানো হবে, অন্যথায় আমরা গ্রাহকের কাছ থেকে পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত ম্যাচিউরিটির টাকাকে আমাদের কাছে জমা রাখবো এবং সময়ে সময়ে প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত অনুযায়ী এই ধরনের ওভারডিউ বা ক্লিন্ডি ডিপোজিটের উপর সুদ প্রদান করা হবে।

যদি কোনো ব্যক্তির সমস্ত টার্ম ডিপোজিটের উপর ইতিমধ্যেই পেমেন্ট করা/পেমেন্ট করতে হবে এমন মোট সুদ আয়কর আইনের অধীনে নির্দিষ্ট করা পরিমাণ এবং CBDT (সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেশন)-এর নির্দেশিকা অনুযায়ী সময়ে সময়ে জারি করা পরিমাণের থেকে বেশি হয় তাহলে উৎস থেকে ট্যাক্স কেটে নেওয়ার জন্য ব্যাংকের বিধিবদ্ধ বাধ্যবাধকতা আছে। ত্রৈমাসিক ভিত্তিতে কর কেটে নেওয়ার জন্য ব্যাংক একটি ট্যাক্স ডিডাকশন সার্টিফিকেট (TDS সার্টিফিকেট) জারি করবে। প্রবিধান অনুযায়ী TDS-এর হার সময়ে সময়ে প্রযোজ্য হবে। ডিপোজিটকারী যদি TDS থেকে অব্যাহতি পাওয়ার অধিকারী হন সেক্ষেত্রে তিনি প্রতি আর্থিক বছরের শুরুতে 15G/H ফর্মে একটি ডিক্লেয়ারেশন (ঘোষণা) জমা দিতে পারেন।

FCNR(B) ডিপোজিটের জন্য সুদ পরিশোধ:

- স্কিমের অধীনে গৃহীত ডিপোজিটের উপর সুদ 360 দিন থেকে এক বছরের উপর ভিত্তি করে গণনা করা হয়।
- প্রতি 180 দিনের ব্যবধানে এবং তারপরে অবশিষ্ট দিনের আসল সংখ্যার জন্য সুদ গণনা করা হয় ও প্রদান করা হয়। তবে শর্ত থাকে যে চক্রবৃদ্ধি প্রভাব সহ ম্যাচিউরিটি হওয়ার সময় সুদ পাওয়ার বিকল্পটি ডিপোজিটকারীর উপর ন্যস্ত থাকবে।

স্থায়ীভাবে থাকার জন্য ভারতে ফিরে আসা ভারতীয় জাতীয়তা/মূলের ব্যক্তিদের FCNR (B) ডিপোজিট ম্যাচিওর হওয়া পর্যন্ত সুদের চুক্তিবদ্ধ হারে চলতে থাকবে তবে তা এই শর্তগুলির উপর নির্ভর করবে:

- FCNR (B) ডিপোজিটের ক্ষেত্রে প্রযোজ্য সুদের হার অব্যাহত থাকবে।
- অ্যাকাউন্টধারীদের ভারতে ফেরত যাওয়ার তারিখ থেকে এই ধরনের ডিপোজিটকে রেসিডেন্ট ডিপোজিট হিসেবে গণ্য করা হবে।
- এই ধরনের FCNR (B) ডিপোজিটকে সময়ের আগে তুলে নেওয়া হলে সেটির ক্ষেত্রে স্কিমের শাস্তিমূলক বিধান প্রযোজ্য হবে।
- মেয়াদপূর্তি হলে FCNR (B) ডিপোজিট অ্যাকাউন্টধারীর ইচ্ছা অনুযায়ী রেসিডেন্ট রুপি ডিপোজিট অ্যাকাউন্ট বা RFC অ্যাকাউন্টে

(যোগ্য হলে) রূপান্তরিত হবে।

FCNR(B) ডিপোজিটের রিনিউয়ালের উপর সুদের গণনা ব্যাংকের দ্বারা বর্তমানে প্রচলিত নির্দেশিকা অনুযায়ী করা হবে।

4. সময়ের আগে টার্ম ডিপোজিট তুলে নেওয়া – ব্যাংক তার বিবেচনার ভিত্তিতে টার্ম ডিপোজিটকে সময়ের আগে তুলে নেওয়ার ক্ষেত্রে অনুমতি দেওয়ার অধিকার বজায় রাখে। ব্যাংক টার্ম ডিপোজিটকে আংশিকভাবে তুলে নেওয়ার অনুমতি তখনই দেয় যদি ডিপোজিটটিকে একটি বিশেষ স্কিমের অধীনে বুক করা হয় যা সেভিং/কারেন্ট অ্যাকাউন্টের সাথে যুক্ত থাকে। যদি সময়ের আগে তুলে নেওয়ার অনুমতি দেওয়া হয় সেক্ষেত্রে, ডিপোজিটের উপর প্রযোজ্য সুদ এবং জরিমানা RBI-এর দ্বারা নির্ধারিত বিদ্যমান শর্তাবলী অনুযায়ী অনুমোদিত হতে পারে, আর তার সাথে এই বিষয়ে ব্যাংকের দ্বারা জারি করা নির্দেশিকাগুলি ব্যাংকের ওয়েবসাইটে সময়ে সময়ে উপলব্ধ এবং আপডেট করা হয়।

ব্যাংক, সমস্ত ডিপোজিটকারীদের লিখিত/অনলাইন অনুরোধে, একটি রেসিডেন্ট/NRO টার্ম ডিপোজিট এবং NRE/FCNR ডিপোজিটকে সেটির মেয়াদপূর্তির তারিখের আগে তুলে নেওয়ার অনুমতি দেবে।

- সময়ের আগে তুলে নেওয়া রেসিডেন্ট/NRO টার্ম ডিপোজিটের সুদ এই ধরনের ডিপোজিট করার তারিখে যে হার থাকবে সেই অনুযায়ী যে সময়সীমার জন্য ডিপোজিট রাখা হয়েছে সেটার জন্য প্রদান করা হবে, আর এটা সময়ে সময়ে ব্যাংকের দ্বারা নির্ধারিত জরিমানার চার্জের উপর নির্ভর করে চার্জ কাটা হবে।
- সময়ের আগে তুলে নেওয়া NRE/FCNR ডিপোজিটের সুদ শুধুমাত্র এক বছর পরে ডিপোজিট তুলে নেওয়া হলেই পরিশোধ করা হবে। এই ধরনের ডিপোজিট করার তারিখে যে হার থাকবে সেই অনুযায়ী যে সময়সীমার জন্য ডিপোজিট রাখা হয়েছে সেটার জন্য সুদ প্রদান করা হবে, আর এটা সময়ে সময়ে ব্যাংকের দ্বারা নির্ধারিত জরিমানার চার্জের উপর নির্ভর করে চার্জ কাটা হবে।
- FCNR ডিপোজিটের জন্য, সময়ের আগে ডিপোজিট তুলে নেওয়ার ফলে হওয়া বিনিময় ক্ষতি (এক্সচেঞ্জ লস), গ্রাহককে বহন করতে হবে, যদি তা থেকে থাকে।
- ডিপোজিট বুকিং করার 7 দিনের মধ্যে যদি টার্ম ডিপোজিট সময়ের আগে তুলে নেওয়া হয়/বন্ধ করা হয় সেক্ষেত্রে কোনো সুদ দেওয়া হবে না।

এই পেনাল্টি চার্জের গঠন (যেমন সময়ে সময়ে ব্যাংকের দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছে) এগুলির জন্য প্রযোজ্য

- ব্যক্তিগত এবং ব্যক্তিগত নয় এমন ডিপোজিট
- যে কোনো পরিমাণের FCNR ডিপোজিট।

এই ধরনের পেনাল্টি চার্জকে পরিবর্তন করা বা এই ক্ষেত্রে ছাড় দেওয়া ব্যাংকের দ্বারা সংজ্ঞায়িত প্রয়োজনীয় অনুমোদনের উপর নির্ভর করবে।

NRE টার্ম ডিপোজিট (FCNR সহ)-কে রেসিডেন্ট ফরেন কারেন্সি (RFC) অ্যাকাউন্টে রূপান্তর করার জন্য সময়ের আগে তুলে নেওয়ার জন্য ব্যাংক কোনো জরিমানা ধার্য করবে না।

এছাড়াও ব্যাংক তার বিবেচনার ভিত্তিতে FCNR ডিপোজিটকে সময়ের আগে তুলে নেওয়ার জন্য সোয়াপ কস্ট (খরচ) ধার্য করতে পারে। যদি পরিশোধ করা সুদ পেমেন্ট করা সুদের থেকে বেশি হয়, সেক্ষেত্রে ডিপোজিটের আয় থেকে অতিরিক্ত সুদ আদায় করা হবে। তবে, যদি ডিপোজিট করার তারিখ থেকে 1 (এক) বছরের মেয়াদ শেষ হওয়ার আগে বা এর রিনিউয়ালের আগে NRE/FCNR ডিপোজিটকে সময়ের আগে তুলে নেওয়া হয় সেক্ষেত্রে কোনো সুদ প্রদান করা হবে না। তবে, ব্যাংক, তার বিবেচনার ভিত্তিতে, ডিপোজিট করার সময় প্রযোজ্য শর্তাবলী অনুযায়ী ব্যক্তি, সত্তা এবং হিন্দু অবিভক্ত পরিবারগুলির দ্বারা করা বান্ধ ডিপোজিটকে (2 কোটি এবং তার বেশি) সময়ের আগে তুলে নিতে নাও দিতে পারে।

মৃত ডিপোজিটকারী বা জয়েন্ট অ্যাকাউন্টধারীর দাবিদারের/দের অনুরোধে টার্ম ডিপোজিটের পরিমাণকে বিভক্ত করার ক্ষেত্রে, টার্ম ডিপোজিটকে সময়ের আগে তুলে নেওয়ার জন্য কোনো জরিমানা ধার্য করা হবে না, যদি ডিপোজিটের মেয়াদ এবং মোট পরিমাণে কোনো পরিবর্তন না করা হয়।

5. ট্যাক্স সেভার (কর সাশ্রয়ী) ডিপোজিট

- যে কোনো মূল্যের একটি ট্যাক্স সেভার টার্ম ডিপোজিট পাঁচ বছরের একটি নির্দিষ্ট সময়ের জন্য হবে।
- পাওয়ার তারিখ থেকে পাঁচ বছরের মেয়াদ শেষ হওয়ার আগে কোনো টার্ম ডিপোজিটকে ভাঙ্গা যাবে না

- ট্যাক্স সেভার ডিপোজিটের জন্য কোনো লোন দেওয়া হবে না।

তবে, অ্যাকাউন্টধারীর মৃত্যু হলে, মনোনীত ব্যক্তি (নমিনি) বা আইনগত উত্তরাধিকারী (লিগাল হেয়ার) বা দাবিদার বা জয়েন্ট ডিপোজিটের ক্ষেত্রে, জীবিত ডিপোজিট ধারী/ধারীরা মেয়াদপূর্তির আগে ব্যাংকের শাখায় একটি আবেদন করার মাধ্যমে এবং এর সাথে প্রথম ডিপোজিটধারীর মৃত্যুর প্রমাণ দিয়ে টার্ম ডিপোজিটের টাকাকে নগদে পরিণত করার অধিকারী হবেন।

6. অপ্রাপ্তবয়স্কদের অ্যাকাউন্ট - অ্যাকাউন্ট খোলার সময় যেমনটা নির্দিষ্ট করা হয়েছে সেই অনুযায়ী স্বাভাবিক বা আইনত নিযুক্ত অভিভাবকের দ্বারা অপ্রাপ্তবয়স্কদের নামে একটি অ্যাকাউন্ট খোলা এবং পরিচালনা করা যেতে পারে।

অপ্রাপ্তবয়স্করা, যাদের বয়স 10 বছর হয়েছে এবং তারা যদি লিখতে ও পড়তে সক্ষম হয়, তারা ইচ্ছা করলে স্বাধীনভাবে সেভিংস অ্যাকাউন্ট খুলতে পারবে, কিন্তু এই ধরনের অ্যাকাউন্টের জন্য কোনো চেক-বই ইস্যু করা হবে না। নেট ব্যাংকিং (নন-ফাইন্যান্সিয়াল লেনদেন) এবং ATM অপারেশন সহ ডেবিট কার্ড (নগদ টাকা তোলা, ব্যালেন্স দেখা এবং মিনি স্টেটমেন্ট)-এর অনুমতি দেওয়া হতে পারে। অপ্রাপ্তবয়স্কদের কোনো ওভারড্রাফট সুবিধা বা লোন/অ্যাডভান্স প্রদান করা হবে না। স্বাভাবিক অভিভাবক সহ অপ্রাপ্তবয়স্ক/অপ্রাপ্তবয়স্কদের অ্যাকাউন্টে টাকা জমা করার ক্ষেত্রে সরকার/RBI-এর নির্দেশিকা অনুযায়ী সীমাবদ্ধতা থাকবে।

অভিভাবকের দ্বারা পরিচালিত অপ্রাপ্তবয়স্কদের অ্যাকাউন্টের ক্ষেত্রে, নাবালক/নাবালিকার 18 বছর বয়স হয়ে গেলে অভিভাবক আর অ্যাকাউন্টটিকে পরিচালনা করতে পারবেন না। নাবালক যখন প্রাপ্তবয়স্ক হয়ে যাবে তখন অ্যাকাউন্টে থাকা যে কোনো ব্যালেন্সকে শুধুমাত্র তাঁর সম্পত্তি হিসেবে গণ্য করা হবে; এবং প্রক্রিয়াগত ফর্মালিটি সম্পন্ন করার পরে সেই নাবালক/নাবালিকাকে অ্যাকাউন্ট থেকে টাকা তোলার অনুমতি দেওয়া হবে। নাবালক/নাবালিকার সাথে অভিভাবককে ব্যাংকের নিকটস্থ শাখায় যেতে হবে এবং নাবালক/নাবালিকার অ্যাকাউন্টকে সাধারণ অ্যাকাউন্টে রূপান্তর করার জন্য KYC-এর নীতি অনুযায়ী প্রয়োজনীয় KYC ডকুমেন্ট যেমন ID ডকুমেন্ট এবং ঠিকানার প্রমাণ সহ সাম্প্রতিকতম ছবি এবং স্বাক্ষরের নমুনা প্রদান করতে হবে। গ্রাহকদের মনে রাখতে হবে যে, উপরোক্ত বিষয়গুলি মেনে না চললে ব্যাংক তার বিবেচনার ভিত্তিতে এই ধরনের অপ্রাপ্তবয়স্কদের অ্যাকাউন্টগুলির ক্ষেত্রে কি করতে হবে সেই সিদ্ধান্ত নিতে পারবে।

7. নিরক্ষর/চোখে দেখতে পান না এমন ব্যক্তির অ্যাকাউন্ট- ব্যাংক সাধারণ ব্যাংকিং পরিষেবাগুলিকে প্রসারিত করে নিরক্ষর ব্যক্তির জন্য কারেন্ট অ্যাকাউন্ট ছাড়া অন্য ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে পারে। এই ধরনের ব্যক্তির অ্যাকাউন্ট তখনই খোলা যেতে পারে যদি তিনি এমন একজন সাক্ষীকে তাঁর সাথে ব্যাংকে নিয়ে আসেন যিনি ডিপোজিটকারী এবং ব্যাংক উভয়েরই পরিচিত। জমা করা পরিমাণ এবং/অথবা সুদ তুলে নেওয়া/পরিশোধ করার সময়, অ্যাকাউন্টধারীকে ব্যাংকের অনুমোদিত অফিসারের উপস্থিতিতে তাঁর বুড়ো আঙুলের ছাপ বা চিহ্ন দিতে হবে, যিনি ব্যক্তির পরিচয়কে যাচাই করবেন।

ব্যাংকের কর্মকর্তা নিরক্ষর/চোখে দেখতে পান না এমন ব্যক্তিকে অ্যাকাউন্ট পরিচালনা করার নিয়ম ও শর্তাবলী সহ পণ্য এবং বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করবেন

ব্যাংক নিশ্চিত করবে যে, অ্যাকাউন্ট খোলার সমস্ত ফর্মালিটি যেন ব্যাংকের প্রাঙ্গণে সম্পন্ন করা হয় এবং কোনো ডকুমেন্টকে সম্পাদন করার জন্য বাইরে নিয়ে যাওয়ার অনুমতি নেই। যেখানে এই নিয়মের ব্যতিক্রম করা প্রয়োজন, সেখানে ব্যাংক বিবরণগুলিকে যাচাই করার জন্য এবং ছবি ও অন্যান্য ডকুমেন্ট সহ যথাযথভাবে পূরণ করা অ্যাকাউন্ট খোলার ফর্মগুলি পেতে একটি যথাযথভাবে অনুমোদিত আধিকারিককে নিযুক্ত করতে পারে।

8. বৃদ্ধ ও অক্ষম ব্যক্তি বা অটিজম, সেরিব্রাল পালসি, মানসিক প্রতিবন্ধকতা, মানসিক অসুস্থতা এবং মানসিক অক্ষমতার কারণে অক্ষম ব্যক্তির দ্বারা অ্যাকাউন্ট পরিচালনা করা -

8.1 অসুস্থ/বৃদ্ধ/অক্ষম পেনশন না পাওয়া অ্যাকাউন্টধারীদের জন্য সুবিধা - অসুস্থ/বৃদ্ধ/অক্ষম অ্যাকাউন্টধারীরা নিম্নলিখিত বিভাগে পড়েন:

- একজন অ্যাকাউন্টধারী যিনি খুব অসুস্থ এবং চেকে স্বাক্ষর করতে পারেন না/তাঁর ব্যাংক অ্যাকাউন্ট থেকে টাকা তোলার জন্য ব্যাংকে শারীরিকভাবে উপস্থিত থাকতে পারেন না কিন্তু চেক/উইথড্রয়াল ফর্মে তাঁর বুড়ো আঙুলের ছাপ প্রদান করতে পারবেন।
- একজন অ্যাকাউন্টধারী যিনি শুধুমাত্র ব্যাংকে শারীরিকভাবে উপস্থিত থাকতেই অক্ষম নন বরং নির্দিষ্ট শারীরিক অক্ষমতার কারণে চেক/উইথড্রয়াল ফর্মে তাঁর বুড়ো আঙুলের ছাপও দিতে পারেন না।

8.2 পরিচালনা পদ্ধতি - বয়স্ক/অসুস্থ অ্যাকাউন্টধারীদেরকে তাঁদের ব্যাংক অ্যাকাউন্টগুলি পরিচালনা করতে সক্ষম করার লক্ষ্যে, ব্যাংক নিম্নলিখিত পদ্ধতি মেনে চলবে:

- যেখানেই অসুস্থ/বৃদ্ধ/অক্ষম অ্যাকাউন্টধারীর বুড়ো আঙুল বা পায়ের ছাপ পাওয়া যায়, সেখানে সেটিকে ব্যাংকের পরিচিত দুইজন স্বতন্ত্র সাক্ষীর দ্বারা চিহ্নিত করা উচিত, যাদের মধ্যে একজন ব্যাংকের আধিকারিক হবেন।
- যেখানে গ্রাহক তাঁর বুড়ো আঙুলের ছাপও দিতে পারবেন না এবং ব্যাংকে শারীরিকভাবে উপস্থিত থাকতে পারবেন না, সেখানে চেক/উইথড্রয়াল ফর্মে একটি চিহ্ন নেওয়া যেতে পারে যেটিকে দুইজন স্বতন্ত্র সাক্ষীর দ্বারা চিহ্নিত করা উচিত, যাদের মধ্যে একজন ব্যাঙ্কের কর্মকর্তা হবেন।
- চেক/উইথড্রয়াল ফর্মের উপর ভিত্তি করে ব্যাংক থেকে যিনি টাকা তুলবেন তাঁর ব্যাপারে গ্রাহককে ব্যাংককে নির্দেশ দিতে বলা হতে পারে এবং সেই ব্যক্তিকে দুজন স্বতন্ত্র সাক্ষীর দ্বারা চিহ্নিত করা উচিত। যে ব্যক্তি ব্যাংকের থেকে টাকা তুলবেন তাঁকে তাঁর স্বাক্ষর ব্যাংকে জমা দিতে হবে।

8.3 অটিজম, সেরিব্রাল পালসি, মানসিক প্রতিবন্ধকতা, মানসিক অসুস্থতা এবং মানসিক অক্ষমতার কারণে অক্ষম ব্যক্তিদের জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা/পরিচালনা করার উদ্দেশ্যে ব্যাংকটি মানসিক স্বাস্থ্য আইন 1987-এর অধীনে জেলা আদালত এবং জেলার কালেক্টরদের দ্বারা জারি করা আদেশ/শংসাপত্র গ্রহণ করবে এবং/অথবা ন্যাশনাল ট্রাস্ট ফর ওয়েলফেয়ার অফ পার্সন উইথ অটিজম, সেরিব্রাল পালসি, মানসিক প্রতিবন্ধকতা এবং একাধিক প্রতিবন্ধী আইন, 1999 অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তিকে স্থানীয় পর্যায়ের কমিটি দ্বারা অভিভাবক নিয়োগ করবে, যিনি প্রতিবন্ধী ব্যক্তির ও তাঁর সম্পত্তির খেয়াল রাখবেন।

9. ডিপোজিট অ্যাকাউন্ট পরিচালনা

9.1 অ্যাকাউন্টধারীদের যোগ করা/মুছে ফেলা – ব্যাংক সমস্ত জয়েন্ট অ্যাকাউন্টধারীদের অনুরোধে জয়েন্ট অ্যাকাউন্টধারীর নাম/গুলি যোগ করা বা মুছে ফেলার অনুমতি দিতে পারে, যদি পরিস্থিতি তাই নিশ্চিত করে বা একজন স্বতন্ত্র ডিপোজিটকারীকে জয়েন্ট অ্যাকাউন্টধারী হিসেবে অন্য ব্যক্তির নাম যোগ করার অনুমতি দেয়। তবে, নাম(গুলি) যোগ করার/মোছার পরে আসল অ্যাকাউন্টধারীর মধ্যে একজনের নামকে অবশ্যই বজায় রাখতে হবে।

9.2 ম্যান্ডেট (আদেশ) - ডিপোজিটকারীর নির্দিষ্ট অনুরোধে, ব্যাংক গ্রাহকের দ্বারা প্রদান করা অ্যাকাউন্ট অপারেটিং ম্যান্ডেটকে রেজিস্টার করতে পারে যা অন্য ব্যক্তিকে তাঁর হয়ে অ্যাকাউন্ট পরিচালনা করার জন্য অনুমতি দেয়।

9.3 ন্যূনতম ব্যালেন্স/সার্ভিস চার্জ - সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট (BSBDA ছাড়া) এবং কারেন্ট ডিপোজিট অ্যাকাউন্টের মতো ডিপোজিট প্রোডাক্টগুলির জন্য, ব্যাংক এই ধরনের অ্যাকাউন্টগুলির পরিচালনার নিয়ম ও শর্তাবলীর অংশ হিসেবে বজায় রাখার জন্য নির্দিষ্ট ন্যূনতম ব্যালেন্স নির্ধারণ করতে পারে। অ্যাকাউন্টে ন্যূনতম ব্যালেন্স বজায় রাখতে না পারলে বর্তমান নিয়ন্ত্রক নির্দেশিকা অনুযায়ী সময়ে সময়ে ব্যাংকের দ্বারা নির্দিষ্ট করা চার্জ ধার্য করা হবে। ব্যাংক কোনো প্রোডাক্ট/অ্যাকাউন্টে একটি নির্দিষ্ট সময়ের জন্য লেনদেনের সংখ্যা, নগদ টাকা তোলা ইত্যাদির উপর সীমাবদ্ধতাও রাখতে পারে। একইভাবে ব্যাংক চেক বই, অ্যাকাউন্টের অতিরিক্ত স্টেটমেন্ট, ডুপ্লিকেট পাসবুক, ফোলিও চার্জ ইত্যাদির জন্য চার্জ নির্দিষ্ট করতে পারে। অ্যাকাউন্ট পরিচালনা করার নিয়ম ও শর্তাবলী এবং প্রদত্ত বিভিন্ন পরিষেবার জন্য চার্জের ব্যাপারে এই ধরনের সমস্ত বিবরণ, অ্যাকাউন্ট খোলার সময় সম্ভাব্য ডিপোজিটকারীকে জানানো হবে। এই চার্জ সময়ে সময়ে পরিবর্তিত হতে পারে এবং ব্যাংক গ্রাহককে ওয়েবসাইট বা যোগাযোগের অন্যান্য চ্যানেলের মাধ্যমে ব্যাংকের বিবেচনার ভিত্তিতে এই ব্যাপারে জানাবে।

9.4 ক্যাশ উইথড্রয়ালের (নগদ টাকা তুলে নেওয়া) উপর TDS – আয়কর আইনের 194N ধারার অধীনে সময়ে সময়ে জারি করা CBDT (সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেশন)-এর নির্দেশিকা অনুযায়ী সেভিংস/কারেন্ট অ্যাকাউন্ট থেকে নগদ টাকা তোলার জন্য TDS প্রযোজ্য হবে।

9.5 ভ্যালু ডেটিং - নতুন/রিইউয়াল ডিপোজিটের জন্য ভ্যালু ডেটিং ব্যাংকের প্রক্রিয়া অনুযায়ী বিদ্যমান পদ্ধতিকে মেনে চলবে।

10. করের জন্য দায়বদ্ধতা - গ্রাহক যে কোনো পণ্য ও পরিষেবা কর বা আইনের দ্বারা প্রযোজ্য এবং সময়ে সময়ে প্রয়োগযোগ্য একই ধরনের অন্য যে কোনো করের জন্য দায়বদ্ধ থাকবেন। যদি আইনের দ্বারা ব্যাংককে এই ধরনের কর সংগ্রহ করা এবং অর্থপ্রদান করার প্রয়োজন হয়, তাহলে ব্যাংক এই ধরনের অর্থপ্রদানের জন্য ক্ষতিপূরণ প্রদান করে।

11. নমিনেশনের (মনোনয়ন) সুবিধা - ব্যক্তিদের দ্বারা খোলা সমস্ত ডিপোজিট অ্যাকাউন্টে নমিনেশনের সুবিধা পাওয়া যায়। নমিনেশন একটি একক মালিকানাধীন অ্যাকাউন্টের ক্ষেত্রেও উপলব্ধ রয়েছে। প্রতিটি অ্যাকাউন্টে শুধুমাত্র একজনকেই নমিনেট করা যেতে পারে।

নমিনেশন করা হয়ে গেলে, একজন অ্যাকাউন্টধারী যে কোনো সময় সেটিকে বাতিল বা পরিবর্তন করতে পারেন। সমস্ত অ্যাকাউন্টধারীর সম্মতিতে নমিনেশন পরিবর্তন করা যেতে পারে। অভিভাবকের অধীনে একজন নাবালক/নাবালিকাকে নমিনেট করা যেতে পারে। ব্যাংক সুপারিশ করে যে, সমস্ত ডিপোজিটকারীরা যেন নমিনেশনের সুবিধা গ্রহণ করেন। ডিপোজিটকারীর মৃত্যুর ক্ষেত্রে মনোনীত ব্যক্তি (নমিনি) আইনগত উত্তরাধিকারীর (লিগাল হেয়ার) ট্রাস্টি হিসেবে অ্যাকাউন্টে থাকা বকেয়া ব্যালেন্স পাবেন। জয়েন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে, সমস্ত ডিপোজিটকারীর মৃত্যুর পরেই নমিনি টাকা পাওয়ার অধিকারী হবেন। ডিপোজিট অ্যাকাউন্ট খোলার সময় ডিপোজিটকারীকে নমিনেশনের (মনোনয়ন) সুবিধার ব্যাপারে জানানো হবে। FD অ্যাডভাইস, সেটমেন্ট এবং পাসবুকে নমিনি নির্বাচন করার ক্ষেত্রে হ্যাঁ বা না বিকল্পগুলি প্রদান করা হয়। এছাড়াও, গ্রাহকের কাছে FD অ্যাডভাইস, সেটমেন্ট এবং পাসবুকে নমিনির নাম প্রিন্ট করার বিকল্পও রয়েছে।

12. অ্যাকাউন্ট সেটমেন্ট এবং পাসবুক – ব্যাংক সেভিংস অ্যাকাউন্টের পাশাপাশি কারেন্ট অ্যাকাউন্টের গ্রাহকদেরকেও প্রতিমাসে অ্যাকাউন্টের একটি সেটমেন্ট প্রদান করবে। গ্রাহকের অনুরোধে, প্রয়োজনীয় সময়ের জন্য অ্যাকাউন্টের সেটমেন্ট প্রদান করা হবে। অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহককে এই বিষয় জানানো হবে। অ্যাকাউন্টের সেটমেন্টে সেই সময়ের মধ্যে অ্যাকাউন্টে করা সমস্ত লেনদেনের তথ্য থাকবে। এই সেটমেন্টটি গ্রাহকদেরকে মাসিক ভিত্তিতে বিনামূল্যে প্রদান করা হবে। গ্রাহকরা চাইলে ব্যাংক সেভিংস ব্যাংক অ্যাকাউন্টধারীদের একটি পাসবুক ইস্যু করতে পারে। অ্যাকাউন্টে কি কাজ হচ্ছে সেই ব্যাপারে হালনাগাদ থাকতে পাসবুককে নিয়মিতভাবে আপডেট করা গ্রাহকের নিজস্ব দায়িত্বের মধ্যে পড়বে।

13. অ্যাকাউন্ট ট্রান্সফার করা - সারা দেশে যে কোনো শাখা থেকে অ্যাকাউন্ট পরিচালনা করা যায়। তবে, গ্রাহকের প্রয়োজন হলে, তিনি ব্যাংকের যে কোনো শাখা বা পরিষেবা ইউনিট যে কোনো শাখায় বা পরিষেবা ইউনিটে/সেখান থেকে অ্যাকাউন্ট ট্রান্সফার করার জন্য বিস্তারিত বিবরণ এবং প্রক্রিয়া পেতে পারেন।

14. মৃত ব্যক্তির অ্যাকাউন্ট পরিচালনা করা - RBI-এর নির্দেশ অনুযায়ী, মৃত ডিপোজিটকারীর ক্ষেত্রে যাতে দাবির নিষ্পত্তি যতটা সম্ভব সহজ করা যায় তা নিশ্চিত করার জন্য ব্যাংক বিভিন্ন পদ্ধতি গ্রহণ করেছে। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে DBS-এর সেটেলমেন্ট অফ ক্লেইম বা দাবি নিষ্পত্তি নীতি দেখুন।

15. নিখোঁজ ব্যক্তির ক্ষেত্রে দাবির নিষ্পত্তি - ব্যাংক ভারতীয় সাক্ষ্য আইন – 1872-এর ধারা 107/108-এর বিধান অনুযায়ী, নিখোঁজ ব্যক্তির ক্ষেত্রে দাবি নিষ্পত্তির পদ্ধতি গ্রহণ করেছে। আইন অনুযায়ী তাঁর নিখোঁজ হওয়ার তারিখ থেকে সাত বছর পেরিয়ে গেলে মৃত্যুর অনুমান করা যেতে পারে। বিস্তারিতভাবে জানার জন্য অনুগ্রহ করে DBS-এর সেটেলমেন্ট এবং ক্লেইম পলিসি (নিষ্পত্তি এবং দাবি নীতি) দেখুন।

16. দাবি না করা ডিপোজিট- একটি অ্যাকাউন্ট (SB/CA/FD)-কে আনক্লেইমড (দাবি না করা) ডিপোজিট হিসেবে শ্রেণীবদ্ধ করা হবে যদি শেষ কাজ করার তারিখ থেকে বা FD-এর মেয়াদপূর্তির তারিখ থেকে বা 10 বছর বা তার বেশি সময় ধরে অ্যাকাউন্ট থেকে গ্রাহক দ্বারা কোনো লেনদেন না করা হয়। এই ধরনের সমস্ত অ্যাকাউন্ট থেকে ফান্ডকে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 26A-এর নির্দেশিকা অনুযায়ী উল্লিখিত 10 বছরের মেয়াদ শেষ হওয়ার 3 মাসের মধ্যে ডিপোজিটর এডুকেশন অ্যান্ড অ্যাওয়ারনেস ফান্ডে (DEAF ফান্ড) জমা দেওয়া হবে।

16.1 রেকর্ড রাখা এবং সময়ে সময়ে পর্যালোচনা করা– ফান্ডে টাকা ট্রান্সফার করার তারিখে, ব্যাংক সমসাময়িক অডিটরের দ্বারা যাচাই করা গ্রাহক-ভিত্তিক বিবরণগুলির রেকর্ডকে বজায় রাখবে, যার মধ্যে অর্জন করা আপ-টু-ডেট সুদের অর্থপ্রদানের তথ্য অন্তর্ভুক্ত থাকবে। ফান্ডে ট্রান্সফার করা অ-সুদ-বহনকারী ডিপোজিট এবং অন্যান্য ক্রেডিটগুলির ক্ষেত্রে, যথাযথভাবে অডিট করা গ্রাহক-ভিত্তিক বিবরণ, ব্যাংকের কাছে বজায় রাখা হবে।

16.2 অভিযোগ নিষ্পত্তি করার ব্যবস্থা - ডিপোজিটর এডুকেশন অ্যান্ড অ্যাওয়ারনেস ফান্ড স্কিম, 2014– ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 26A-এর RBI সার্কুলার অনুযায়ী, ব্যাংক আমাদের ওয়েবসাইটে দশ বছর বা তার বেশি সময়ের জন্য দাবি না করা ডিপোজিট/অকার্যকরী অ্যাকাউন্টের তালিকাকে প্রদর্শন করবে। ব্যাংকের একটি অভিযোগ নিষ্পত্তি করার নীতি রয়েছে, যা আমাদের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে এবং এটি এই ধরনের অ্যাকাউন্ট সংক্রান্ত অভিযোগের দ্রুত সমাধানের জন্য এক্সেলেশন ম্যাট্রিক্স সহ সমস্ত ভারতীয় শাখায় উপলব্ধ রয়েছে।

16.3 গ্রাহকের কাছ থেকে দাবি - ব্যাংকের যে শাখায় অ্যাকাউন্টটি রয়েছে গ্রাহক সেই শাখায় যেতে পারেন, যাতে তিনি DEAF-এ স্থানান্তরিত করা এই ধরনের কোনো ডিপোজিটকে দাবি করতে পারেন। আবেদনপত্র, ডিপোজিটের বিবরণ, আর পরিমাণের সাথে সঠিক পরিচয়পত্র সহ

প্রাসঙ্গিক নথিগত প্রমাণ জমা দিতে হবে। যদি ডিপোজিটকারীর মৃত্যুর কারণে এই ধরনের দাবি করা হয়, সেক্ষেত্রে আইনি উত্তরাধিকারী (লিগাল হেয়ার)নমিনি ডিপোজিটকারীর ডেথ সার্টিফিকেটের একটি কপি এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনি নথি সহ ব্যাংকের শাখায় যেতে পারেন। এই ধরনের সমস্ত দাবির জন্য ব্যাংকের মৃত ব্যক্তির ক্ষেত্রে দাবির নির্দেশিকাকে মেনে চলা হবে।

ব্যাংক গ্রাহক/ডিপোজিটকারীকে সুদ সহ টাকা পরিশোধ করবে, যদি প্রয়োজ্য হয়, এবং ডিপোজিটকারীকে প্রদান করা সমপরিমাণ টাকার জন্য ফান্ড থেকে একটি ক্রেইম ফর্ম রিফান্ড জমা দেবে। গ্রাহকেরা সর্বশেষ KYC-এর বিবরণ (ফটো লাগানো CIF, পরিচয় পত্র এবং ঠিকানার প্রমাণপত্র) সহ বেস শাখায় যেতে পারেন এবং অ্যাকাউন্টটিকে আবার সক্রিয় করার জন্য অনুরোধ করতে পারেন।

17. অন্যান্য ব্যাংকিং পরিষেবা

পেমেন্ট বন্ধ (স্টপ পেমেন্ট) করে দেওয়ার সুবিধা – ব্যাংক ডিপোজিটকারীদের ইস্যু করা চেকের ক্ষেত্রে পেমেন্ট বন্ধ করার (স্টপ পেমেন্ট) নির্দেশনা গ্রহণ করবে। উল্লেখ করা অনুযায়ী চার্জ প্রয়োজ্য হবে।

সেফ ডিপোজিট লকার – ব্যাংক নির্দিষ্ট ব্যাংকের শাখার মাধ্যমে সেফ ডিপোজিট লকারের সুবিধা প্রদান করে আর যেখানেই এই সুবিধা দেওয়া হয় সেখানেই সেফ ডিপোজিট লকারকে বরাদ্দ করা সেটির উপলব্ধতা এবং পরিষেবার সাথে সংযুক্ত অন্যান্য নিয়ম ও শর্তাবলী মেনে চলার উপর নির্ভর করবে।

18. অ্যাকাউন্ট বন্ধ করা

18.1 ডিপোজিটকারীর নির্দিষ্ট অনুরোধে অ্যাকাউন্টকে বন্ধ করা যেতে পারে। জয়েন্ট অ্যাকাউন্ট শুধুমাত্র এই ধরনের সকল যৌথ স্বাক্ষরকারীদের অনুরোধে বন্ধ করা যেতে পারে।

18.2 ব্যাংক পর্যাপ্ত নোটিশ দিয়ে একটি কারেন্ট, সেভিংস বা যে কোনো ডিমান্ড ডিপোজিট অ্যাকাউন্টকে বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

19. অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য -

19.1 গ্রাহকের স্বার্থকে সুরক্ষিত রাখা - ব্যাংক অ্যাকাউন্ট খোলার সময় গ্রাহকের দেওয়া তথ্যকে গুরুত্ব দেয় এবং তথ্যকে সুরক্ষিত রাখার বিষয়কে নিশ্চিত করে।

গ্রাহকের অজান্তে ব্যাংক এই তথ্যগুলিকে ব্যাংকের পরিষেবা বা পণ্যকে প্রতি বিক্রয় করার জন্য ব্যবহার করবে না। যদি ব্যাংক এই ধরনের তথ্যকে ব্যবহার করার প্রস্তাব দেয়, তাহলে সেটা সম্পূর্ণভাবে অ্যাকাউন্টধারীর সম্মতিতে করা হবে।

আইন/সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের ক্ষেত্রে প্রয়োজন না হলে ব্যাংক গ্রাহকের কাছ থেকে স্পষ্ট বা উহ্য সম্মতি ছাড়া তৃতীয় ব্যক্তি বা পক্ষের কাছে গ্রাহকের অ্যাকাউন্টের বিস্তারিত বিবরণ/প্রকাশ করবে না।

19.2 ডিপোজিটের জন্য ইনস্যুরেন্স কভার - সমস্ত ব্যাংক ডিপোজিট, নির্দিষ্ট সীমা এবং শর্তাবলীর উপর নির্ভর করে ডিপোজিট ইন্স্যুরেন্স এবং ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অফ ইন্ডিয়া (DICGC)-এর দ্বারা প্রদত্ত বীমা প্রকল্পের আওতায় রয়েছে। কার্যকরী বীমা কভারের বিস্তারিত বিবরণ ডিপোজিটকারীকে দেওয়া হবে। বিস্তারিত বিবরণের জন্য, গ্রাহকেরা www.dicgc.org.in-এ লগ ইন করতে পারেন।

19.3 গ্রাহক যদি তথ্য প্রমাণ করতে না পারেন - যদি বিদ্যমান গ্রাহক বিধিবদ্ধ বাধ্যবাধকতা পূরণ করার জন্য ব্যাংকের প্রয়োজনীয় বিস্তারিত বিবরণ প্রদান করতে না পারেন, সেক্ষেত্রে ব্যাংক গ্রাহককে যথাযথ নোটিশ(গুলি) প্রদান করার পরে অ্যাকাউন্টটিকে বন্ধ করে দিতে পারে।

19.4 অভিযোগ ও নালিশের নিষ্পত্তি - যে গ্রাহকেরা ব্যাংকের -দেওয়া পরিষেবাগুলির বিষয়ে প্রতিক্রিয়া জানাতে চান বা এই বিষয়ে কোনো অভিযোগ/নালিশ থাকলে তাঁরা গ্রাহকের অভিযোগ/নালিশগুলি পরিচালনা করার জন্য ব্যাংকের দ্বারা মনোনীত কর্তৃপক্ষের কাছে যেতে পারেন। অভিযোগ/নালিশ নিষ্পত্তি করার প্রক্রিয়া এবং যোগাযোগের বিস্তারিত বিবরণ ব্যাংকের শাখার প্রাঙ্গণে/ওয়েবসাইট-এ প্রদর্শন করা হবে। ব্যাংকের শাখার কর্মকর্তারা অভিযোগ দায়ের করার পদ্ধতির সাথে সম্পর্কিত সমস্ত প্রয়োজনীয় তথ্যের ব্যাপারে জানাবেন। গ্রাহক যদি অভিযোগ করার তারিখ থেকে এক মাসের

মধ্যে ব্যাংকের কাছ থেকে কোনো উত্তর না পান বা পাওয়া উত্তরে সন্তুষ্ট না হন, সেক্ষেত্রে তাঁদের রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার দ্বারা নিযুক্ত ব্যাংকিং ওম্বাডসম্যানের কাছে যাওয়ার অধিকার রয়েছে।

গ্রাহক ব্যাংকের বিশদ অভিযোগ নীতির জন্য ব্যাংকের ওয়েবসাইট দেখতে পারেন।

19.5 ইনঅ্যাক্টিভ অ্যাকাউন্ট - অ্যাকাউন্ট ব্যালেন্স নির্বিশেষে RBI-এর নির্দেশিকা অনুযায়ী গ্রাহক কৃত শেষ লেনদেনের তারিখ থেকে 12 মাস পরে অ্যাকাউন্টটিকে "ইনঅ্যাক্টিভ" হিসেবে শ্রেণীবদ্ধ করা হবে। অ্যাকাউন্টের কার্যকারিতার অবস্থার নির্বিশেষে এই অ্যাকাউন্টগুলিতে নিয়মিতভাবে সুদ জমা করা হয়।

19.6 ডরমেন্ট অ্যাকাউন্ট - অ্যাকাউন্ট ব্যালেন্স নির্বিশেষে RBI-এর নির্দেশিকা অনুযায়ী গ্রাহকের কৃত শেষ লেনদেনের তারিখ থেকে 24 মাস পরে অ্যাকাউন্টটিকে "ডরমেন্ট" হিসেবে শ্রেণীবদ্ধ করা হবে। অ্যাকাউন্টের কার্যকারিতার অবস্থার নির্বিশেষে এই অ্যাকাউন্টগুলিতে নিয়মিতভাবে সুদ জমা করা হয়। ব্যাংক রেসিডেন্ট (বাসিন্দা) এবং নন-রেসিডেন্ট (অনাবাসী) উভয় গ্রাহকদের জন্যই নিষ্ক্রিয় অ্যাকাউন্টগুলিকে সক্রিয় করতে একটি প্রক্রিয়া সংজ্ঞায়িত করেছে। ব্যাংকে একাধিক অ্যাকাউন্ট আছে এমন গ্রাহকদের জন্য যেখানে এক বা একাধিক অ্যাকাউন্ট নিষ্ক্রিয় আছে এবং অন্তত একটি অ্যাকাউন্ট সক্রিয় রয়েছে সেখানে যথাযথ বৈধতা এবং নিয়ন্ত্রণের সাথে ডিউ ডিলিজেন্স প্রক্রিয়াকে সহজ করা হয়েছে। গ্রাহকের প্রোফাইলিং অনুযায়ী ডিউ ডিলিজেন্সের পরে এই ধরনের অ্যাকাউন্টে কাজ করার অনুমতি দেওয়া যেতে পারে। ডিউ ডিলিজেন্সের মানে হলো লেনদেনের সত্যতাকে নিশ্চিত করা, স্বাক্ষর এবং পরিচয়কে যাচাই করা, ইত্যাদি।

19.7 ফোর্স ম্যাজিউর বা নিয়ন্ত্রণের বাইরের ঘটনা - ফোর্স ম্যাজিউর ইভেন্ট মানে হলো দীর্ঘের কাজ, বন্যা, খরা, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ বা পরিস্থিতি, বিপর্যয়, মহামারী বা অতিমারী, সন্ত্রাসী হামলা, যুদ্ধ বা দাঙ্গা, পারমাণবিক, রাসায়নিক বা জৈবিক দূষণ, শিল্প-কারখানার কাজ, বিদ্যুৎ বিভ্রাট, কম্পিউটার ব্রেকডাউন বা নাশকতা, এবং বিভিন্ন ধসে পড়া, আগুন লাগা, বিস্ফোরণ বা দুর্ঘটনা বা এই জাতীয় অন্যান্য কাজ যা যুক্তিসঙ্গতভাবে ব্যাংকের নিয়ন্ত্রণের বাইরে থাকে।

ব্যাংকের দায়িত্ব পালন ততদিন পর্যন্ত স্থগিত থাকবে যতদিন পর্যন্ত ফোর্স ম্যাজিউর ইভেন্ট বা পরিস্থিতি কার্যসম্পাদনকে অসম্ভব করে তুলবে। সর্বোত্তম প্রচেষ্টার ভিত্তিতে ব্যাংক ফোর্স ম্যাজিউর ইভেন্টের পরিণতিকে কমাতে যুক্তিসঙ্গত পদক্ষেপ(গুলি) নিতে প্রতিশ্রুতিবদ্ধ। কোনো শিল্পকর্ম, বিদ্যুৎ বিভ্রাট, কম্পিউটার ব্রেকডাউন বা নাশকতার ক্ষেত্রে, ব্যাংক তার পরিষেবাগুলি প্রদানের ক্ষেত্রে দেরি কমাতে যুক্তিসঙ্গত পদক্ষেপ নেবে এবং গ্রাহকদের নিরবিচ্ছিন্ন পরিষেবা দেওয়ার চেষ্টা করবে।

III. নিয়ন্ত্রণ বা পরিচালনা

মালিকানা এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ

এই নীতিটি DBS ব্যাংক ইন্ডিয়া লিমিটেড বোর্ডের দ্বারা অনুমোদিত। কোনো পরিবর্তন যেটা বাস্তব নয়, কিন্তু প্রাসঙ্গিক বা প্রশাসনিক প্রকৃতির, সেটার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের দ্বারা হস্তাক্ষর করার প্রয়োজন হয় না।

বোর্ড, এই নীতির মাধ্যমে, CBG পরিষেবা এবং পণ্যগুলির জন্য পরিবর্তনের অনুমোদন দেওয়া বা অর্পণ করার জন্য কনজিউমার ব্যাংকিং গ্রুপের ভারতীয় প্রধানকে কর্তৃত্ব অর্পণ করে।

পর্যালোচনা

নিয়মিত প্রাসঙ্গিকতাকে নিশ্চিত করার জন্য নিয়ন্ত্রক স্থানের উন্নয়ন বা অভ্যন্তরীণ উন্নয়নের কারণে পরিবর্তন করার দরকার হলে এই নীতিটিকে তিন বছরে একবার (এক মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড সহ) বা তার আগে পর্যালোচনা করা উচিত।

পরিশিষ্ট 1 শব্দকোষ

[ইউনিটের শব্দকোষের লিঙ্ক যেটি ইউনিটের ম্যানুয়েল, পলিসি এবং মানকে ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় সমস্ত পরিভাষা, সংক্ষিপ্ত শব্দ এবং সংক্ষিপ্তরূপের সংজ্ঞাকে নির্ধারণ করে]

GOI- গভর্নমেন্ট অফ ইন্ডিয়া (ভারত সরকার)

DBIL- DBS ব্যাংক ইন্ডিয়া লিমিটেড

DBL- DBS ব্যাংক লিমিটেড

WOS- হোললি ওনড সাবসিডিয়ারি (সম্পূর্ণভাবে মালিকানাধীন সহায়ক)

ALCO- অ্যাসেট লায়াবিলিটি কমিটি

DBT- ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফার

PAN- পার্মানেন্ট অ্যাকাউন্ট নম্বর

KYC- নো ইওর কাস্টমার

FCNR ডিপোজিট- ফরেন কারেন্সি নন-রেসিডেন্ট ডিপোজিট অ্যাকাউন্ট

NRE- নন-রেসিডেন্ট এক্সট্রানার্নাল রুপি অ্যাকাউন্ট

NRO- নন-রেসিডেন্ট অর্ডিনারি রুপি অ্যাকাউন্ট

PIO/OCI- পার্সন অফ ইন্ডিয়ান ওরিজিন/ওভারসিজ সিটিজেন অফ ইন্ডিয়া

CERSAI- সেন্ট্রাল রেজিস্ট্রি অফ সিকিউরিটাইজেশন অ্যাসেট রিকম্পট্রাকশন অ্যান্ড সিকিউরিটি ইন্টারেস্ট অফ ইন্ডিয়া

CKYCR- সেন্ট্রাল KYC রেজিস্ট্রি

PID – পার্সোনাল ইনফর্মেশন ডিটেইলস

OVD – অফিসিয়ালি ভ্যালিড ডকুমেন্টস

পরিশিষ্ট 1**সংস্করণের পূর্বতন বিবরণ**

সংস্করণ	জারি করার তারিখ	মূল পরিবর্তনের সারাংশ
1.0	ফেব্রুয়ারী 2022	- DBS এবং e-LVB-এর মধ্যে পলিসিকে সমন্বয় করা হয়েছে
2.0	জুন 2023	- আধার OTP ভিত্তিক টার্ম ডিপোজিটকে অন্তর্ভুক্ত করা হয়েছে - FCNR (B) স্ল্যাবেকে যোগ করা হয়েছে - সেফ ডিপোজিট লকারকে অন্তর্ভুক্ত করা হয়েছে - পর্যালোচনার সময়কে অন্তর্ভুক্ত করা হয়েছে